Omar Farouk
ID: 22206091
01870146753

Md. Mastur Ahmed Abad
ID-22305019
01715512455

# IUBAT Reform 2.0

IUBAT Reform 2.0 - এর পূর্ণাঙ্গ দাবীগুলো নিম্নে তিন পাতায় দেওয়া হলোঃ
উল্লেখ্য এই যে, এইবার কোন টেকনিক্যাল কমিটি বা আলোচনা কমিটি গঠন করা হবে না। সকল সিদ্ধান্ত IUBAT Front এ গোলটেবিল বসিয়ে দিতে হবে। তার পাশাপাশি অথরিটিকে লিখিত দিতে হবে যে, প্রতিটি দাবী বাস্তবায়ন করতে কতটুকু যৌক্তিক সময় লাগবে তা প্রতিটি পয়েন্টের পাশে উল্লেখ করতে হবে।

1. সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান: পূর্বে যে ২৭ দফা দাবিগুলো করা হয়েছে সেগুলোর বাস্তবায়ন না হওয়ার কারণ সকল সাধারণ শিক্ষার্থীদের সামনে সুস্পষ্ট ব্যাখ্যা দিতে হবে। **অধিকাংশই [illegible] করা হয়েছে এবং কিছু প্রক্রিয়াধীন।**
2. পরীক্ষা সংক্রান্ত নীতিমালা:
   - একই দিনে একের অধিক পরীক্ষা নেওয়া যাবে না। **একজন শিক্ষার্থীর একই দিনে একের অধিক পরিক্ষার সময়সূচী থাকবে না।**
   - ছুটির দিনে কোনো প্রকার পরীক্ষা নেওয়া যাবে না। **শুক্রবার কোন পরিক্ষার আয়োজন করা হবে না।**
   - Reading Days বাড়াতে হবে। **মিড টার্মের পুর্বে ২দিন এবং ফাইনালের পুর্বে ৩দিন Reading Days [illegible] হবে।**
   - চারটি পরীক্ষা পদ্ধতি থেকে সরে আসতে হবে। অর্থাৎ কিছু না পড়িয়েই ক্লাস টেস্ট নামক তামাশা বন্ধ করতে হবে। এক্ষেত্রে পরামর্শ হচ্ছে প্রথম একমাস পর একটি ক্লাস টেস্ট হবে, অর্ধেক ক্লাস (১৭টি ক্লাস) শেষ হলে মিডটার্ম নিতে হবে এবং বাকী সিলেবাস ফাইনাল পর্যন্ত। **এক-তৃতীয়াংশ সিলেবাস মিড টার্মে কভার করা হবে এবং দুই-তৃতীয়াংশ ফাইনালে।**
   - মিড এবং ফাইনালের সিলেবাস আলাদা থাকবে। **আছে।**
3. প্রত্যাহার নীতিমালা: যাদের বহিষ্কৃত করা হয়েছে, তাদের বিশ্ববিদ্যালয়ের কোনো পোস্টে পূর্ণবহাল করা যাবে না। **শুধুমাত্র দাপ্তরিক কাজে নিয়োজিত থাকবে।**
4. Automation ঠিক করা: Automation ঠিক করতে হবে এবং কোর্স অফারিং সম্পর্কিত সকল সমস্যা সমাধান করতে হবে। যেমন, সার্ভার আপডেট করতে হবে। **পরবর্তি সেম্টিারের আগে সমাধান করা হবে।**
5. ওপেন ক্রেডিট নীতিমালা: ওপেন ক্রেডিট এর নামে বিভাগের থেকে নিজেরদের মত কোর্স চাপিয়ে দেওয়া বন্ধ করতে হবে। **Fixed credit করে দেয়া হবে।**
6. শিক্ষার্থী বান্ধব রুটিন: শিক্ষার্থী বান্ধব রুটিন থাকতে হবে এবং সাপ্তাহিক পর্যাপ্ত ছুটি থাকতে হবে যেন শিক্ষার্থীরা গবেষণা, দক্ষতা এবং সহ-পাঠ্যক্রমিক কার্যক্রমে যথেষ্ট সময় দিতে পারে। **শিক্ষার্থীরা নিজেই সুবিধামত ক্লাসের সময় নির্বাচন করে।**
7. UGC নিয়ম: UGC নিয়ম অনুযায়ী সকল বিভাগের ডিন ২ বছর অন্তর অন্তর পরিবর্তন করতে হবে। **সিন্ডিকেট সভার মাধ্যমে সিদ্ধান্ত নেয়া হবে।**
8. বিভাগীয় সংস্কার: সকল বিভাগের নিজ নিজ শিক্ষার্থীদের সাথে Open Auditorium বা সিক্রেট লিখিত সমস্যা ও তার সংস্কারের ভিত্তিতে কথা বলে বিভাগীয় সংস্কার করতে হবে। **ডিপার্টমেন্ট থেকে ব্যাচওয়াইজ মিটিং এর আয়োজন করা হবে।**
9. শিক্ষক-শিক্ষিকাদের নীতিমালা:
   - শিক্ষক-শিক্ষিকাদের নির্ধারিত ক্লাস সংখ্যা সীমিত করতে হবে এবং পর্যাপ্ত শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করতে হবে যেন তারা শিক্ষার্থীদের সাথে সাহায্যের জন্য রিসার্চ করার জন্য পর্যাপ্ত সময় পায়। **করা হবে।**
   - IUBAT এর থেকে পাশ করা কোন Alumni কে Convocation এর আগে Faculty (Teacher) হিসেবে নিয়োগ দেওয়া যাবে না। **বিবেচনা করা হবে।**
   - Course Instructor দের অনলাইনে মেকআপ ক্লাস নেওয়ার স্বাধীনতা দিতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে কর্তৃপক্ষের সহনশীল আচরণ এবং পেইড Video Conference Tools (Zoom/Google

Omar Faruk

Md. Masrur Ahmed Ahad
22305019

MD. Abu Musa 01715512455

আরিফুল
ID-24107009

Meet) গুলো সরবরাহ করতে হবে। **শুধুমাত্র ইউনিভার্সিটি বন্ধের কারনে আয়োজিত মেক-আপগুলো অনলাইনে হবে।**

10. নতুন ক্লাব প্রতিষ্ঠা: সকল Society গুলোকে বিলুপ্ত ঘোষনা করে নতুন ক্লাব থাকবে যেখানে শিক্ষক ও শিক্ষার্থী প্রতিনিধি থাকবে শিক্ষার্থীদের সরাসরি ভোটে। বিভাগের কোনো প্রভাব থাকবে না স্বায়ত্তশাসিত দালাল মুক্ত ক্লাবে এবং যদি ক্লাব কমিটির কেউ আস্থা হারায় তাহলে তাকে পদত্যাগ করতে হবে সর্বনিম্ন ৩ টি অভিযোগের ভিত্তিতে। **করা হবে।**
11. Alumni Association: Alumni Community কে Strong করার জন্য Alumni Association থাকবে এবং তাতে প্রতিনিধি হিসেবে অ্যালুমনাই, শিক্ষক এবং শিক্ষার্থী থাকবেন। **বিদ্যমান। চলমান শিক্ষার্থী থাকতে পারবে না।**
12. Job Fair: প্রতিবছর Job Fair আয়োজন করতে হবে। **আয়োজন করা হয় এবং ইমেইল এর মাধ্যমে জানানো হবে।**
13. সার্টিফিকেটে প্রয়োজনীয় তথ্য : সার্টিফিকেটে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে উল্লেখ করতে হবে এবং আইইউবিএটি এর IEB ও KIB সদস্যপদ এর জন্য যথাযথ ব্যবস্থা নিতে হবে। **আইডি ও সিজিপিএ উল্লেখ করা হবে। IEB এর আবেদন জমা দেয়া হয়েছে, KIB এর বিষয়ে আলোচনা চলমান।**
14. ডিপার্টমেন্ট ওয়াইজ স্কিল কম্পিটিশন: ডিপার্টমেন্ট ওয়াইজ স্কিল কম্পিটিশন আয়োজন করতে হবে এবং তাদের ট্রেইনিং এর জন্য সর্বোত্তমভাবে সহযোগিতা এবং অনুপ্রেরণা যোগাতে হবে। **কিছু কিছু অনুষদে করা হয় এবং বাকি অনুষদগুলোও আয়োজন করবে।**
15. ল্যাব সুবিধার উন্নয়ন:
    - পর্যাপ্ত ল্যাব অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করতে হবে এবং ল্যাব সুবিধা বাড়াতে হবে। **নিয়োগ দেয়া হবে এবং সুবিধা বাড়ানো হবে।**
    - ল্যাব অ্যাসিস্ট্যান্ট এর উপস্থিতিতে শিক্ষার্থীদের প্র্যাকটিসের জন্য নির্ধারিত সময়ের বাইরেও ল্যাব উন্মুক্ত রাখতে হবে। **ক্লাস না চলা অবস্থায় ব্যবহার করা যাবে।**
16. ল্যাব এবং রিসার্চ উন্নয়ন: ভার্সিটি ল্যাব, রিসার্চ ইন্সটিটিউট এবং ভিতরকার ইনফ্রাসট্রাকচার উন্নয়নে শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করে সিদ্ধান্ত নিতে হবে এবং বাধ্যতামূলকভাবে গবেষণার জন্য অর্থায়ন দিতে হবে এবং ইন্টার্নশিপ ম্যানেজ করে দিতে হবে। **অর্থায়নের ব্যবস্থা বিদ্যমান, অনুষদ পর্যায়ে মত বিনিময়ের ব্যবস্থা করা হবে।**
17. কনফারেন্স এবং রিসার্চ ক্লাব: ভার্সিটির নিজস্ব কনফারেন্স থাকতে হবে এবং রিসার্চ নিয়ে সকল সহযোগিতার জন্য রিসার্চ ক্লাব আবেদনের ভিত্তিতে অর্থায়ন এবং মেন্টরশিপ খুলতে হবে যেন যে কেউ ইচ্ছামতো গবেষণা করতে পারে এবং পেপার প্রকাশ করতে পারে। **IEEE এর মেম্বারশিপ আছে, দ্রুত কনফারেন্সের আয়োজন করা হবে।**
18. আন্দোলনকালীন প্রতিশ্রুতি: আন্দোলন চলাকালীন দিনের প্রতিটি দিনের Attendance দিয়ে দিতে হবে, পাশাপাশি যাদের পরীক্ষা ছিলো সেগুলোও নিতে হবে নতুন তারিখ ঘোষণার মাধ্যমে এবং আন্দোলনে অশংগ্রহণ করা কোন শিক্ষার্থী যেন কোন শিক্ষক/ছাত্র/বা অথরিটির মাধ্যমে যেন হয়রানির শিকার না হয় এবং ভবিষ্যতেও না হয় তার জন্য প্রতিশ্রুতি বদ্ধ হয়ে সুস্পষ্ট লিখিত নোটিশ দিতে হবে সকলকে। **আইইউবিএটি কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে না।**
19. মুক্ত চিন্তা চর্চার জন্য ক্লাব সেমিনার: মুক্ত চিন্তা চর্চার জন্য ক্লাব সেমিনার আয়োজন করতে হবে। কারণ আমরা শুধু চাকরিজীবী হতে চাই না, আমরা বিজ্ঞানী হতে চাই, আমরা দার্শনিক হতে চাই, আমরা নীতি নির্ধারক হতে চাই। **অনুষদ আয়োজন করবে।**
20. মুক্ত চিন্তা এবং ধর্মীয় স্বাধীনতা: যেকোনো মুক্ত চিন্তা, মতামত প্রদানের এবং ধর্মীয় পোশাক পরিধান করে ক্লাস করতে স্বাধীনতা থাকতে হবে। **আছে এবং থাকবে।**
21. শিক্ষক-শিক্ষার্থী কাউন্সিল গঠন: শিক্ষক শিক্ষার্থী মতবিনিময়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ কাউন্সিল গঠন করতে হবে এবং মতবিনিময়ের সকল সিদ্ধান্ত এবং শিক্ষক-শিক্ষার্থীদের দেওয়া সকল অভিযোগ এবং কোনো নির্বাচনে দেওয়া ভোট অনলাইন পোর্টাল কিংবা Automation-এ থাকতে হবে যা প্রতিটি শিক্ষার্থী

আসাদুজ্জামান
23106186
01758430628

Md. Masrur Ahmed Ahad
22305019
01715512455

Omar Farouk
222060021

ID: 24107009

নিজ নিজ ID এবং Password দিয়ে log in করে দেখতে পারবে। হবে। ডিপার্টমেন্ট থেকে ব্যাচওয়াইজ মিটিং এর আয়োজন করা হবে।

22. অভিযোগ এবং পরামর্শ বক্স: অভিযোগ এবং পরামর্শ বক্স থাকবে যা শিক্ষক শিক্ষার্থী কাউন্সিলের মাধ্যমে প্রতিদিন সকালে চেক করতে হবে এবং সকল অভিযোগের তথ্যের স্বচ্ছতা থাকবে এবং ডিসপ্লে বোর্ডের মাধ্যমে তা নিশ্চিত করতে হবে যে পরামর্শ/অভিযোগ গ্রহণ করা হয়েছে। **ধরণ অনুসারে ডিন, চেয়ার, কো-অর্ডিনেটর, ভিসি, প্রো-ভিসি, ট্রেজারার, রেজিষ্ট্রার পর্যায়ে অভিযোগ সরাসরি গ্রহণ করবে এবং সমাধান করা হবে।**

23. বিনা ফি অনলাইন পেমেন্ট: কোনো প্রকার অতিরিক্ত ফি ছাড়া বিড়ম্বনা মুক্ত অনলাইন পেমেন্টের ব্যবস্থা করতে হবে। **একাধীক ব্যাংকের মাধ্যমে ব্যাংকিং সেবা বৃদ্ধির মাধ্যমে পেমেন্ট ব্যবস্থা সহজতর করা হবে।**

24. ক্রেডিট ট্রান্সফার: ক্রেডিট ট্রান্সফার দেশে ও দেশের বাহিরে ঝামেলামুক্ত করতে হবে। **যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

25. জরিমানা এবং রশিদ: কোথায়, কোন কাজের মাশুল হিসেবে কতটাকা জরিমানা দিতে হবে, তার সুস্পষ্ট নির্দেশিকা লিখা থাকতে হবে অ্যাকাউন্টের সামনে, এবং নতুন সকল ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের তা পরিষ্কার করতে হবে। জরিমানার টাকাগুলোর কেন কোনো রশিদ দেওয়া হবে না তারও সম্পূর্ণ ব্যাখ্যা দিতে হবে। **রশিদ ছাড়া কোন লেনদেন হয় না এবং প্রতিটি লেনদেনের সুস্পষ্ট ব্যাখ্যা থাকে। জরিমানার নির্দেশীকা প্রকাশ করা হবে।**

26. ইন্টার্নশিপ কোর্স এবং ব্যয়: ইন্টার্নশিপের সাথে কোর্স নিতে দিতে হবে (অন্তত ৬ ক্রেডিট)। ইন্টার্নশিপ ও থিসিসের ক্রেডিট ফি কোথায় ব্যবহৃত হচ্ছে তার ব্যাখ্যা দিতে হবে। **ইন্টার্নশীপ এর সঙ্গে একটি রিটেক কোর্স নিতে পারবে। শিক্ষার্থী সুপারভিশন, মূল্যায়ণ, দিকনির্দেশনা।**

27. রেজিস্ট্রেশন এবং রিটেক ফি: রেজিস্ট্রেশন এবং রিটেক ফি ৫০% করতে হবে (জরিমানা বাতিল সংক্রান্ত)। **সম্ভব না। রিটেক কমানোর জন্য ইম্প্রুভমেন্ট পরিক্ষার ব্যবস্থা করা হয়েছে।**

28. স্কলারশিপের স্বচ্ছতা: ২৪১, ২৪২ ব্যাচের জন্য ১০০% স্কলারশিপে ৪ বছরে মোট খরচ ৩ লাখ ৯৬ হাজার, কিন্তু ২৫১ ব্যাচের জন্য ১০০% স্কলারশিপে দেখানো হচ্ছে ২ লাখ ৯৪ হাজার। এই ১ লাখ টাকার তারতম্য কেন, সুস্পষ্ট ব্যাখ্যা চাই। **মেধাবী শিক্ষার্থীদের সংক্ষা বৃদ্ধির জন্য বৃত্তি আকারে খরচ কমানো হয়েছে।**

29. ক্যান্টিনের মান উন্নয়ন:
    - ক্যান্টিনে খাবারের গুণগত মান উন্নত করতে হবে এবং আলোচনার ভিত্তিতে খাবারের মূল্য নির্ধারণ করতে হবে। **মান বৃদ্ধির প্রক্রিয়া চলমান।**

30. আজানের পরে শান্ত পরিবেশ: নামাজের আজানের পর ন্যূনতম ২০ মিনিট পর্যন্ত সকল প্রকার গান-বাজনা বন্ধ রাখতে হবে এবং মসজিদে মাইকে আজান দেওয়ার ব্যবস্থা করতে হবে। **বন্ধ থাকে এবং থাকবে।**

31. কনভোকেশনে অতিথির অনুমতি: কনভোকেশনে শিক্ষার্থীর সাথে অন্তত ২ জন অতিথির অনুমতি দিতে হবে। **ব্যবস্থা করা হবে।**

32. নারী শিক্ষার্থীদের জন্য কমন রুম: নারী শিক্ষার্থীদের জন্য অন্তত ৩টি কমন রুমের ব্যবস্থা করতে হবে এবং কমন রুমে প্রয়োজনীয় সামগ্রী যেমন স্যানিটারি প্যাড ও ফার্স্ট এইডের ব্যবস্থা রাখতে হবে। **নতুন ভবনে মেয়েদের জন্য কমন রুমের ব্যবস্থা করা হবে।**

33. ক্লিনার এবং সিকিউরিটি স্টাফদের জন্য খাবারের ব্যবস্থা: বিশ্ববিদ্যালয়ের ক্লিনার এবং সিকিউরিটি স্টাফদের খাবারের জন্য নির্দিষ্ট জায়গা ঠিক করে দিতে হবে। **নতুন ভবনে খাবারের স্থান নির্ধারিত করা হবে।**

34. শুটিং নিষেধাজ্ঞা: ক্লাস ডে-তে বিশ্ববিদ্যালয়ে শুটিং বন্ধ করতে হবে এবং শুটিংয়ের নামে ক্যাম্পাসে অশ্লীলতা, অমার্জিত আচরণ, ধূমপান এগুলো পরিহার করতে হবে। **বৃহঃস্পতি ও শুক্রবার এর মধ্যে সীমাবদ্ধ রাখা হবে।**

35. রমজানের পরবর্তী কার্যক্রম: ২০ রমজানের পরবর্তী কার্যক্রম অনলাইনে করতে হবে এবং সকল ঈদের পরবর্তী ছুটি বর্ধিত করতে হবে। **অনলাইন ক্লাসের ব্যবস্থা করা হবে। ২৬শে মার্চ থেকে ৪ই এপ্রিল পর্যন্ত ঈদের ছুটি থাকবে।**